

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ১৮, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।
[আবগারী শুল্ক]
প্রজ্ঞাপন

তারিখ, ৩ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ/১৮ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৫০-আইন/২০১০/৩০৬-আবগারী।—excises and Salt Act, 1944 (I of 1944) এর section 37 এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭/১০ জুন, ২০১০ তারিখের প্রজ্ঞাপন এসআরও নং-২১৫-আইন/২০১০/৩০৩-আবগারী রহিতক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা বিমান টিকেটের ওপর আবগারী শুল্ক আদায় বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

- (ক) “আইন” অর্থ excises and Salt Act, 1944 (I of 1944);
- (খ) “আবগারী শুল্ক” অর্থ আইনের section 3 এর অধীন ধার্যকৃত ও আদায়যোগ্য আবগারী শুল্ক;
- (গ) “বিক্রয়” অর্থ আইনের section 2 এর clause (o) তে সংজ্ঞায়িত বিক্রয়;
- (ঘ) “বিমান টিকেট” অর্থ বাংলাদেশে অবস্থিত কোন বিমান সংস্থা কর্তৃক বিক্রয়কৃত টিকেট;

(৯৪৮১)

মূল্য : টাকা ২.০০

(ঙ) “বিমান সংস্থা” অর্থ বিমান বাংলাদেশ এয়ারলাইন এবং বাংলাদেশে সেবাদানকারী অন্যান্য বেসরকারি ও বিদেশী বিমান সংস্থা বা এয়ার লাইন;

(চ) “যাত্রী” অর্থ অভ্যন্তরীণ অথবা আন্তর্জাতিক রুটে ভ্রমণকারী বাংলাদেশী অথবা বিদেশী কোন ব্যক্তি।

৩। আবগারী শুল্ক আদায় পদ্ধতি।—(১) আইনের section 3 এর sub-section (1) এর অধীন এবং, উহার সহিত পঠিতব্য, section 12A এর sub-section (1) এর অধীন সরকার কর্তৃক সময় সময় জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী আদায়যোগ্য আবগারী শুল্ক সংশ্লিষ্ট বিমান সংস্থা বিমানে আরোহনকৃত যাত্রীর উপর প্রযোজ্য আবগারী শুল্ক উভয়নের পূর্বে আদায় নিশ্চিত করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবগারী শুল্ক আদায়ের পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা সরকারী হিসাব নং “১/১১৩৩/০০১০/০৬০১” তে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর বিধান মোতাবেক আবগারী শুল্ক জমা প্রদানের প্রমাণস্বরূপ ট্রেজারী চালানোর একটি অনুলিপি সহ আবগারী শুল্ক আদায়ের বিবরণ সম্বলিত একটি প্রতিবেদন পরিশিষ্ট ‘ক’ এ বর্ণিত ছকে পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিমান সংস্থা কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এ প্রেরণ করিবে।

৪। আবগারী শুল্ক ফেরৎ।—(১) যদি কোন কারণে কোন ফ্লাইট বাতিল হয় এবং বাতিলকৃত টিকেটের মূল্য যাত্রীকে ফেরত প্রদানের প্রয়োজন হয় অথবা যাত্রী তাহার ভ্রমণ বাতিল করিয়া টিকেটের মূল্য ফেরৎ গ্রহণ করিতে চাহেন, সেই ক্ষেত্রে বিমান সংস্থা যাত্রীর নিকট হইতে আদায়কৃত আবগারী শুল্কের সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট যাত্রীকে ফেরৎ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে কোন যাত্রীকে আবগারী শুল্কের অর্থ ফেরৎ প্রদান করা হইলে উক্ত বিমান সংস্থা আবগারী শুল্ক ফেরৎ প্রদানের বিবরণ কাস্টমস, এক্সাইজ ও মূল্য সংযোজন কর কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এ প্রেরিতব্য প্রতিবেদনে উল্লেখ করিবে।

৫। বিমান সংস্থা কর্তৃক হিসাব সংরক্ষণ।—বিমান সংস্থা বিধি ২ এ বর্ণিত আবগারী শুল্ক আদায় এবং বিধি ৪ এ বর্ণিত আবগারী শুল্ক বাবদ প্রদত্ত অর্থ ফেরৎ প্রদানের যথাযথ হিসাব, মাস ভিত্তিতে, নিজ দপ্তরে সংরক্ষণ করিবে।

৬। অপরাধ ও দণ্ড।—কোন বিমান সংস্থা এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে উক্ত লঙ্ঘন হইবে একটি অপরাধ এবং তজ্জন্য সংশ্লিষ্ট বিমান সংস্থার বিরুদ্ধে আইনের বিধান অনুসারে দণ্ড আরোপ করা যাইবে।

পরিশিষ্ট-‘ক’

বিমান টিকেট বিক্রয় সম্পর্কিত মাসিক প্রতিবেদন

[বিধি ৩(৩) দ্রষ্টব্য]

- (১) ফ্লাইট নং :
- (২) বিমান সংস্থার নাম :
- (৩) ঠিকানা :
- (৪) যাত্রী বিভাজন :
 - (ক) মোট আরোহনকৃত যাত্রীর সংখ্যা :.....
 - (খ) অব্যাহতিপ্রাপ্ত যাত্রীর সংখ্যা :.....
- (৫) অঞ্চলভিত্তিক বিভাজন :
 - (ক) আবগারী শুল্ক (সার্কভুক্ত দেশসমূহ) :.....
 - (খ) আবগারী শুল্ক (সার্কভুক্ত ও দূরপ্রাচ্যের দেশসমূহ ব্যতীত এশিয়ার অন্যান্য দেশ)

.....
 - (গ) আবগারী শুল্ক (উত্তর/দক্ষিণ আমেরিকা, ইউরোপ, আফ্রিকা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, জাপান, চীন, ভিয়েতনাম, লাওস, কম্বোডিয়া, তাইওয়ান, উত্তর/দক্ষিণ কোরিয়া)

.....
 - (ঘ) মোট :.....
- (৬) পরিশোধিত আবগারী শুল্কের সমর্থনে ট্রেজারী চালানের নং ও তারিখ :.....
- (৭) ফেরৎকৃত আবগারী শুল্কের পরিমাণ :.....

আমি এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার বিমান সংস্থায় সংরক্ষিত রেজিস্টার/তথ্যের ভিত্তিতে আমি প্রতিবেদন তৈরী করিয়া দাখিল করিলাম। ইহা সম্পূর্ণ সত্য ও নির্ভুল।

বিমান সংস্থার স্টেশন ম্যানেজারের স্বাক্ষর :

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ড. মোঃ সহিদুল ইসলাম

প্রথম সচিব (মূসক-নীতি ও বাজেট)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd